ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১২৬ ● কলকাতা ● ২৭ বৈশাখ, ১৪৩২ ● রবিবার ● ১১ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## যুদ্ধবিরতিতে রাজি হয়ে গিয়েছে ভারত এবং পাকিস্তান'! দু'পক্ষের 'বাস্তবজ্ঞান'কে স্বাগত জানিয়ে দাবি করলেন ডোনাল্ড ট্রাম্প




**বেবি চক্রবর্ত্তী: দিল্লী**

বিশ্ব রাজনীতিতে চাঞ্চল্যকর মোড়! অবশেষে অবিলম্বে পূর্ণাঙ্গ যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে ভারত এবং পাকিস্তান। শনিবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই ঐতিহাসিক ঘোষণা করেন।

নিজের সমাজমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ এক পোস্টে ট্রাম্প লেখেন, "আমেরিকার মধ্যস্থতায় দীর্ঘ রাত ধরে আলোচনার পর, আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি, যে ভারত এবং পাকিস্তান অবিলম্বে পূর্ণ যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে।"

ট্রাম্প আরও বলেন, "বাস্তবজ্ঞান এবং অসাধারণ বুদ্ধিমত্তার সদ্ব্যবহার করার জন্য দুই দেশকে অভিনন্দন। এই বিষয়ে মনোযোগ দেওয়ার জন্য আপনাদের ধন্যবাদ!"

দীর্ঘদিন ধরেই সীমান্ত উত্তেজনা, সেনা হানাহানি ও কূটনৈতিক চাপের মধ্যে দিয়ে চলছিল দুই দেশের সম্পর্ক। এই ঘোষণার ফলে বহুদিন পর একটানা উত্তেজনার ক্লান্তি থেকে স্বস্তির নিঃশ্বাস ফেলছে আন্তর্জাতিক মহল।

বিশ্লেষকদের মতে, এই চুক্তি কার্যকর হলে উপমহাদেশে শান্তি ও স্থিতাবস্থা ফিরিয়ে আনার ক্ষেত্রে এটি একটি ঐতিহাসিক পদক্ষেপ হতে পারে। তবে, চুক্তির বাস্তবায়ন ও পরবর্তী পদক্ষেপগুলি কেমন হবে, তা এখন সকলের কৌতূহলের বিষয়।

## সংঘর্ষ বিরতি ভেঙে ফের পাকিস্তানের লাগাতার গুলি-মর্টার, পাল্টা জবাব ভারতের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সংঘর্ষ বিরতি ভেঙে ফের পাকিস্তানের গুলি। জানা গিয়েছে আখনুর সেক্টরে এই গুলি চলছে। রাত ৮.১৫ থেকে জম্মুতে ফের পাকিস্তানের হামলা। সংঘর্ষ বিরতি ভেঙে জম্মুতে পাক সেনার গুলি-মর্টার।জম্মুর বেশ কয়েকটি এলাকায় লাগাতার পাক গুলি-মর্টার। জম্মুতে আন্তর্জাতিক সীমান্ত বরাবর পাক সেনার গুলি।

তবে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর বলেন, ভারত-পাকিস্তান গুলি চালনা ও সামরিক

এরপর ৩ পৃষ্ঠায়






# বাবা ছিলেন লাদেন ঘনিষ্ঠ জঙ্গি নেতা, যুদ্ধের বাজারে পাকিস্তান সেনার মুখ ছেলে

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**নয়া দিল্লি:** পাকিস্তানের সামরিক প্রতিষ্ঠান যে জেহাদি ও সন্ত্রাসী উপাদানের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িত তার এক জ্বলন্ত উদাহরণ হলেন আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতরের (আইএসপিআর) মহাপরিচালক তিনতারা বিশিষ্ট লেফটেন্যান্ট জেনারেল আহমেদ শরিফ চৌধুরি। ভারত-পাকিস্তান সামরিক সংকট সম্পর্কে বিশ্বকে তিনিই দায়িত্ব নিয়ে জানিয়েছেন।ওসামা ছিলেন বিশ্বের সবচেয়ে বড় ইসলামপন্থী সন্ত্রাসী। ৯/১১ হামলার নেপথ্যে ছিল তাঁরই মস্তিষ্ক। আমেরিকার মাটিতে এর থেকে ভয়াবহ সন্ত্রাসী হামলা আর হয়নি। মার্কিনি চাপের মুখে পড়ে পাকিস্তানের কুখ্যাত গুপ্তচর সংস্থা, ইন্টার-সার্ভিসেস ইন্টেলিজেন্স (আইএসআই) ২০০১ সালে মাহমুদকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করতে বাধ্য হয়।

সুতরাং, যখন বিশ্ববাসীর কাছে বর্তমান পাক ডিজি আইএসপিআর লেফটেন্যান্ট জেনারেল চৌধুরি নিজেদের অসহায় দাবি করেন, তখন সকলের মনে রাখা উচিত তিনি কার উত্তরপুরুষ। সেই দেশই বা কেমন যারা একজন সন্ত্রাসীর পুত্রকে ডিজি'র মতো দায়িত্বশীল পদে রাখে। আহমেদ শরিফ চৌধুরি এমন একজন বিজ্ঞানী থেকে সন্ত্রাসীতে পরিণত হওয়া ব্যক্তির ছেলে যিনি আল-কায়েদাকে পারমাণবিক বোমা উপহার দিয়ে বিশ্বকে ধ্বংস করতে চেয়েছিলেন।

এই আহমেদ শরিফ হলেন জাতিসংঘের ঘোষিত সন্ত্রাসী সুলতান বশিরউদ্দিন মাহমুদের ছেলে। তিনি ছিলেন আল-কায়েদা প্রধান ওসামা বিন লাদেনের সহযোগী।

পাকিস্তানের সামরিক বাহিনী সন্ত্রাসের বিরুদ্ধে ভারতের যুদ্ধ নিয়ে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে দিচ্ছে। এই কাজটি সবচেয়ে বেশি করছেন লেফটেন্যান্ট জেনারেল চৌধুরি। তিনি পাকিস্তানের শীর্ষ সামরিক কর্মকর্তাদের মধ্যে একজন। যার বাবা আলকায়দা প্রধানের সহযোগী ছিলেন, তাঁর ছেলে নাকি আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতরের (আইএসপিআর) মহাপরিচালক। জাতিসংঘের নিরাপত্তা পরিষদ আল-কায়েদার উপর নিষেধাজ্ঞা জারি করেছিল। সেখানকার সন্ত্রাসবাদীর 'সুপুত্র' আজ সারা বিশ্বের সামনে কাঁদুনি গাইছেন পাকিস্তান 'সন্ত্রাসবাদের অসহায় শিকার' বলে।

পাকিস্তানি সেনাবাহিনীতে জিহাদি মিশ্রণের আরও এক উদাহরণ হলেন সেনাপ্রধান জেনারেল আসিম মুনির। মুনিরের বাবা একজন ধর্মগুরু ছিলেন, সেই সঙ্গে মাদ্রাসায় পড়াতেন। আর আহমেদ শরিফ চৌধুরির বাবা প্রথম জীবনে ছিলেন একজন পারমাণবিক বিজ্ঞানী। পরে তিনি দুর্বৃত্তের ভূমিকায় অবতীর্ণ হন।

আবদুল কাদির খানকে পাকিস্তানের পারমাণবিক কর্মসূচির জনক বলা হয়। তিনি নেদারল্যান্ডস থেকে চুরি করা নীলনকশার উপর ভিত্তি করে পাকিস্তানের ইউরেনিয়াম সমৃদ্ধকরণ এবং গ্যাস সেন্ট্রিফিউজ প্রযুক্তির বিকাশ ঘটিয়েছিলেন। কিন্তু উচ্চশিক্ষিত সুলতান বশিরউদ্দিন মাহমুদ ইসলামিক প্রজাতন্ত্রের 'ডার্টি বম্ব' তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।

পাকিস্তানি বিজ্ঞানীদের উপর সবসময় নজরদারি ছিল মার্কিন গোয়েন্দা সংস্থাগুলির। তারা যখন জানতে পারে যে একজন পারমাণবিক বিজ্ঞানী আল-কায়েদা প্রধান ওসামা বিন লাদেনের সঙ্গে দেখা করেছেন, তখন আমেরিকা বেশ ভীত হয়ে পড়ে। মার্কিন যুক্তরাষ্ট্র কখনওই চায়নি আল-কায়েদা বা তার সহযোগীদের কাছে পারমাণবিক বোমা ব্যবহারের সুযোগ থাকুক। তাই তারা দ্রুত পদক্ষেপ করে।

২০০১ সালের সেপ্টেম্বরে মার্কিন যুক্তরাষ্ট্রে হামলা হয়। একই বছরের ডিসেম্বরে জাতিসংঘ মাহমুদকে আনুষ্ঠানিকভাবে সন্ত্রাসী তালিকাভুক্ত করে। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের আল-কায়েদা নিষেধাজ্ঞা কমিটির পৃষ্ঠায় লেফটেন্যান্ট জেনারেল চৌধুরির বাবার নাম জঙ্গি হিসেবে তালিকাভুক্ত করে।

আল-কায়েদার প্রধান ওসামা বিন লাদেন এবং তালেবানের সঙ্গে তাঁর যোগাযোগের জন্য ২০০১ সালের ২৪শে ডিসেম্বর নিরাপত্তা পরিষদের নিষেধাজ্ঞা কমিটি মাহমুদকে সন্ত্রাসী হিসেবে তালিকাভুক্ত করে। তাঁর বিরুদ্ধে ওঠে গুরুতর অভিযোগ।

শুধু মার্কিন যুক্তিরাষ্ট্র নয়, মাহমুদ এর আগে পাকিস্তানে তার সহকর্মীদেরও ভীত করে তুলেছিলেন। ২০০৯ সালে নিউ ইয়র্ক টাইমস ম্যাগাজিনের এক প্রতিবেদন অনুসারে বশিরউদ্দিন মাহমিদের ধর্মীয় তীব্রতা, ইসলামী চরমপন্থার প্রতি তাঁর সহানুভূতি সহকর্মীদের বেশ ভয় পাইয়েছিল। জাতিসংঘের আল-কায়েদা নিষেধাজ্ঞা কমিটির প্রতিবেদন অনুসারে, ওসামা বিন লাদেন এবং তালেবানদের রাসায়নিক, জৈবিক এবং পারমাণবিক অস্ত্র সম্পর্কে তথ্য সরবরাহ করেছিলেন এই ব্যক্তি।

পরবর্তী এক বৈঠকে ওসামা বিন লাদেনের এক সহযোগী ইঙ্গিত দেন যে তাঁর কাছে পারমাণবিক পদার্থ আছে। তিনি জানতে চান কিভাবে এটি ব্যবহার করে অস্ত্র তৈরি করা যায়। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কমিটির প্রতিবেদন অনুসারে, “বশিরুদ্দিন পারমাণবিক অস্ত্র কর্মসূচির জন্য প্রয়োজনীয় অবকাঠামো এবং পারমাণবিক অস্ত্রের প্রভাব সম্পর্কে তথ্য প্রদান করতেন।” ২০০১ সালে মাহমুদকে গ্রেফতার করা হয়। এফবিআইয়ের নির্দেশে তদন্ত শুরু হলে মাহমুদ স্বীকার করেন যে তিনি ওসামা বিন লাদেনের সঙ্গে দেখা করতেন।







# পহেলগাঁও হামলার তীব্র নিন্দা জি-৭ দেশগুলির

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ের বৈসরনে পর্যটকদের উপর হামলা চালিয়ে ২৬ জনকে হত্যা করে জঙ্গিরা। বেছে বেছে পরিচয় জেনে হামলা চালানো হয়। জঙ্গি সংগঠন দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট (টিআরএফ) হামলার দায় স্বীকার করে। পাকিস্তানের জঙ্গি সংগঠন লস্কর-ই-তৈবার ছায়া সংগঠন হল টিআরএফ। ভারত স্পষ্ট করে দিয়েছে, পহেলগাঁওয়ে জঙ্গি হামলায় পাকিস্তানের প্রত্যক্ষ যোগ রয়েছে। জি-৭ এর সদস্য দেশগুলি এক বিবৃতিতে শনিবার বলে, “আমরা, জি-৭ এর সদস্য দেশ কানাডা, ফ্রান্স, জার্মানি, ইটালি, জাপান, ব্রিটেন এবং আমেরিকার বিদেশমন্ত্রী এবং ইউরোপীয় ইউনিয়নের পদস্থ প্রতিনিধি, গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ে জঙ্গি হামলার তীব্র নিন্দা করছি। একইসঙ্গে ভারত ও পাকিস্তানকে সর্বোচ্চ সংযম দেখানোর আর্জি জানাচ্ছি।”



ভারতীয় সেনার প্রত্যাঘাতের পর পাকিস্তান সেনা বিনা প্ররোচনায় সীমান্তে গোলাবর্ষণ করে চলেছে। সাধারণ মানুষ পাকিস্তানের হামলা থেকে ছাড়া পাচ্ছে না। বিনা প্ররোচনায় পাকিস্তান সেনা মিসাইল ছুড়ছে। ড্রোন হামলা করছে। ভারতীয় সেনা পাকিস্তানের প্রত্যেকটি হামলা প্রতিহত করেছে। বিশ্বের কাছে ভারতের স্পষ্ট বার্তা, হামলা শুরু করেছে পাকিস্তান। ভারত শুধু প্রত্যাঘাত করেছে। একইসঙ্গে ভারত হুঁশিয়ারি দিয়েছে, পাকিস্তান হামলা চালালে ভারত যোগ্য জবাব দেবে। এই পরিস্থিতিতে জি-৭ এর সদস্য দেশগুলির বার্তা, “দুই দেশের মধ্যে উত্তেজনা বাড়লে এই অঞ্চলের স্থিতিশীলতার উপর প্রভাব পড়বে। আমরা দুই দেশের সাধারণ মানুষের নিরাপত্তা নিয়েও উদ্বিগ্ন।” সেজন্য উত্তেজনা প্রশমনের আর্জি জানিয়ে তাদের বক্তব্য, আলোচনার মাধ্যমে শান্তি ফিরে আসুক। পরিস্থিতির উপর তারা নজর রাখছে জানিয়ে জি-৭ দেশগুলি চায়, দ্রুত কূটনৈতিক সমাধান হোক ভারত-পাকিস্তানের।

## 'কিসের জন্য শোক পালন?' পাকিস্তানি সেনাকে প্রশ্ন নিহত সাংবাদিক ড্যানিয়েলের বাবার



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ভারতের প্রত্যাখ্যাতে মৃত জঙ্গিদের শেষকৃত্যে অংশগ্রহণকারী পাকিস্তানি সেনাকে প্রশ্ন করেছেন নিহত মার্কিন সাংবাদিক ড্যানিয়েল পার্লের বাবা জুডিয়া পার্ল।গত ২২ এপ্রিল পাহেলগাঁও সন্ত্রাসবাদী হামলার জবাবে পাকিস্তানে জঙ্গি ঘাঁটির বিরুদ্ধে ভারতীয় সেনাবাহিনীর 'অপারেশন সিঁদুর' স্ট্রাইকে জইশ-ই-মহম্মদ কমান্ডার আব্দুল রউফ আজহার নিহত হয়েছে বলে দাবি করেছে বিজেপি।এই আব্দুল রউফ আজহার ছিল জইশের অপারেশন কম্যান্ডার।প্রসঙ্গত,

এরপর ৫ পাতায়

(১ম পাতার পর)

# সংঘর্ষ বিরতি ভেঙে ফের পাকিস্তানের লাগাতার গুলি-মর্টার, পাল্টা জবাব ভারতের

অ্যাকশন বন্ধ রাখার বিষয়ে একটি নির্দিষ্ট বোঝাপড়ায় পৌঁছেছে। ভারত প্রথম থেকে যে কোন ধরনের সন্ত্রাসবাদ ও তার বহিঃপ্রকাশের বিরুদ্ধে কড়া ও আপসহীন অবস্থান নিয়েছে। এই অবস্থানেই অনড় থাকবে।

সরকারি সূত্রে খবর, সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এরপর থেকে ভারতের মাটিতে কোনও জঙ্গি হামলাকে, ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা হিসাবে ধরা হবে। এর মধ্যেই ফের হামলার খবর পরিস্থিতি বদলাতে পারে বলেই মনে করা হচ্ছে।সংঘর্ষ বিরতি লঙ্ঘন পাকিস্তানের, পাল্টা জবাব ভারতের। সংঘর্ষ বিরতির ৫ ঘণ্টার মধ্যেই উধমপুরে পাক হামলা, এমনটাই খবর। ১১ জায়গায় সংঘর্ষ বিরতি লঙ্ঘন পাকিস্তানের।

শ্রীনগরে ডাল লেকে নিভিয়ে দেওয়া হল আলো। জম্মুতে আন্তর্জাতিক সীমান্ত বরাবর ১১ জায়গায় হামলা বলে খবর।উল্লেখ্য, শনিবার ভারত-পাকিস্তানের সংঘর্ষ বিরতি ঘোষণার আগে শুক্রবারও নিজেদের দম দেখিয়েছে ভারতীয় সেনাবাহিনী। সংঘর্ষ বিরতির পথে হাঁটল ভারত-পাকিস্তান। দুদেশই জানাল, শনিবার বিকেল পাঁচটা থেকে আর কোনও সামরিক সংঘাত নয়। ভারতের বিদেশ সচিব জানিয়েছেন, এদিন পাক সেনার D G M O , ভারতীয় DGMO-কে ফোন করেন। যদিও, সংঘর্ষ বিরতির প্রথম ঘোষণা করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তারপর ভারত-পাকিস্তান দু দেশ জানায়, তারা এই সিদ্ধান্তে পৌঁছেছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রথমে সোশাল মিডিয়ায় সংঘর্ষ বিরতির কথা জানান। তারপর ভারত-পাকিস্তানও আনুষ্ঠানিকভাবে এই ঘোষণা করে। শনিবার বিকেলে নিজের সমাজমাধ্যম ট্রুথ সোশ্যালে ডোনাল্ড ট্রাম্প লেখেন, আমেরিকার মধ্যস্থতায় দীর্ঘ রাত ধরে আলোচনার পর, আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি, যে ভারত এবং পাকিস্তান অবিলম্বে পূর্ণ যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। বাস্তবজ্ঞান এবং অসাধারণ বুদ্ধিমত্তার সদ্ব্যবহার করার জন্য দুই দেশকে অভিনন্দন। এই বিষয়ে (যুদ্ধবিরতি) মনোযোগ দেওয়ার জন্য আপনাদের ধন্যবাদ।এরপরই পাকিস্তানের বিদেশমন্ত্রী ইশক দার জানান পাকিস্তান ও ভারত অবিলম্বে সংঘর্ষ বিরতিতে রাজি হয়েছে। পাকিস্তান তার সার্বভৌমত্ব ও অখণ্ডতার সঙ্গে আপস না করে, সবসময়ই শান্তির পক্ষপাতী।

বিদেশসচিব বিক্রম মিস্রি বলেন, উভয় পক্ষই(ভারত-পাকিস্তান) স্থল, আকাশ ও সমুদ্রে সকল ধরণের গোলাবর্ষণ এবং সামরিক পদক্ষেপ বন্ধ করবে, যা আজ ভারতীয় সময় অনুযায়ী বিকেল ৫টা থেকে কার্যকর হবে। এই সমঝোতা কার্যকর করার জন্য উভয় পক্ষকেই নির্দেশিকা দেওয়া হয়েছে। আগামী ১২ই মে ১২টায় দু দেশের DGMO এই বিষয়ে আলোচনা করবেন।

## সম্পাদকীয়

### সন্ত্রাসের আঁতুড়ঘরে ফের অর্থের জোগান IMF-এর

সন্ত্রাসের আঁতুড়ঘর পাকিস্তানকে ফের ঋণ মঞ্জুর করল আন্তর্জাতিক আর্থিক তহবিল আইএমএফ। ভারতের তীব্র আপত্তি সত্ত্বেও এই ঋণ মঞ্জুর করা হয়েছে। শুক্রবার রাতে এই তথ্য প্রকাশ্যে এনেছেন পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। অতীতেও বিপুল ঋণে জর্জরিত পাকিস্তানকে ফের ঋণ মঞ্জুর করার ঘটনায় স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে আইএমএফের ভূমিকা নিয়ে।পাকিস্তানকে এই ঋণ দেওয়ার ঘটনার তীব্র নিন্দা করে ভারতের তরফে জানানো হয়েছে, সীমান্তবর্তী সন্ত্রাসবাদকে মদত যোগান দেশকে ফের আর্থিকভাবে পুরস্কৃত করার ঘটনা বিশ্বের কাছে অত্যন্ত বিপজ্জনক বার্তা পাঠায়। এই ঘটনা আইএমএফের মতো সংস্থার সুনামকে ঝুঁকির মুখে ফেলে দেয়। এই ঘটনা আন্তর্জাতিক মূল্যবোধের উপহাস।এই নিয়ে ৩৫ বছরে ২৮ বার এই টাকা পেল পাকিস্তান।

পাকিস্তানের অর্থনীতির কোমর ভেঙেছে বহু আগেই। গত কয়েক বছর ধরে আইএমএফের ঋণের উপর টিকে রয়েছে শাহবাজের দেশ। সেই ধারা অব্যাহত রেখে ভিক্ষার ঝুলি নিয়ে ফের আইএমএফের কাছে যায় ইসলামাবাদ। তবে সন্ত্রাসের মদতদাতা পাকিস্তানকে যাতে এই ঋণ না দেওয়া হয় তার জন্য স্পষ্ট যুক্তি দেওয়া হয় ভারতের তরফে। অভিযোগ, করা হয় অতীতেও একাধিকবার ঋণ নিয়েছে পাকিস্তান। তবে সেই অর্থ তারা সঠিক কাজে ব্যবহার করেনি। সরাসরি সন্ত্রাসবাদে অর্থ যোগানের আশঙ্কা প্রকাশ করে ভারত জানায়, এই অর্থ পাকিস্তান আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদে অপব্যবহার করতে পারে ফলে এই ঋণ কোনওভাবেই দেওয়া উচিত নয়। ঋণ গ্রহণের পর যে সকল শর্ত মেনে চলা উচিত অতীতেও সে নিয়ম লঙ্ঘন করেছে পাকিস্তান। ফলে এবারও এই অর্থ অপব্যবহারের সম্ভাবনা রয়েছে। ভারত আপত্তি জানালেও ঋণ দেওয়ার ক্ষেত্রে ভোটের ফলাফল ছিল পাকিস্তানের পক্ষে। পাশাপাশি এই ভোটাভুটিতে যেহেতু বিপক্ষে ভোট দেওয়া যায় না, তাই ভোট থেকে বিরত থাকে ভারত।

এদিকে ঋণ মঞ্জুর হওয়ার পর পাক প্রধানমন্ত্রীর কার্যালয়ের তরফে এক বিবৃতি প্রকাশ করা হয়েছে। যেখানে বলা হয়েছে, 'আইএমএফের তরফে পাকিস্তানকে এক মিলিয়ন ডলার ঋণ মঞ্জুর করা হয়েছে। ভারত এই ঋণে আপত্তি জানালেও শেষ পর্যন্ত ভারতের দাবি ব্যর্থ হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, পাকিস্তান অর্থনৈতিক অবস্থার উন্নতি করেছে এবং দেশটি উন্নতির পথে এগিয়ে চলেছে।' যদিও এই উন্নতির নমুনা এর আগেও দেখেছে বিশ্ব। সন্ত্রাসবাদে লাগাম টানার প্রতিশ্রুতি দিয়ে এর আগেও ঋণ নিয়েছিল পাকিস্তান। যদিও বাস্তবে সে সন্ত্রাসে কোনও লাগাম পড়েনি তা ইতিমধ্যেই স্পষ্ট। বিশ্বকে দেখাতে হাফিজ সইদ-সহ অন্যান্য জঙ্গিদের জামাই আদরে জেলে রেখেছে সেখানকার সরকার। লস্কর, আল কায়দা, জইশ ই মহম্মদের মতো জঙ্গি সংগঠন খাতায় কলমে পাকিস্তানের নিষিদ্ধ হলেও ঘুরপথে এই সন্ত্রাসী সংগঠনগুলিকে অর্থের যোগান দিয়ে চলেছে শাহবাজ সরকার। ২২ এপ্রিল পহেলগাঁও হামলা তা আরও একবার প্রমাণ করেছে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(তেইশতম পর্ব)



পত্নী হলেন? স্কন্দ পুরাণে এ প্রশ্নের উত্তর মেলে। সেখানে উল্লেখ আছে খ্যাতির গর্ভে জাতা লক্ষ্মী দেবী নারায়ণ বা বিষ্ণুকে পতি রূপে পাওয়ার জন্য সমুদ্রের মধ্যে প্রবেশ করে বহুকাল কঠোর তপস্যায় নিমগ্ন হলেন। তখন ইন্দ্রাদি দেবগণ বিষ্ণুর ছদ্মবেশে লক্ষ্মীর নিকট উপস্থিত হলে লক্ষ্মী দেবী তাঁদেরকে বিশ্বরূপ দেখাতে বলেন। কারণ লক্ষ্মী দেবী জানতেন যে, একমাত্র বিষ্ণুই বিশ্বরূপ দেখাতে সক্ষম। কিন্তু কেউই বিশ্বরূপ দেখাতে না পেরে লজ্জিত হয়ে চলে যান। তাঁরপর লক্ষ্মীর তপস্যায় তুষ্ট হয়ে একদিন বিষ্ণু নিজে লক্ষ্মীর নিকট উপস্থিত হলেন

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## বাংলাদেশের প্রাক্তন গোয়েন্দা গ্রেফতার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সীমান্তে উত্তেজনার আবহে উত্তরবঙ্গের বাগডোগরা সেনাবাহিনীর ছাউনির কাছে সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখা গেল এক বাংলাদেশি নাগরিককে। তৎক্ষণাৎ তাকে আটক করল ভারতীয় সেনা। তারপর চলে লাগাতার জেরা। ওই জেরাতেই ধৃত ব্যক্তি নিজেকে বাংলাদেশের প্রাক্তন গোয়েন্দা অফিসার বলে দাবি করেছেন।পুলিশ সূত্রে আরও জানা যাচ্ছে, প্রায় ৬ মাস আগে রাজশাহী সীমান্ত দিয়ে নদী পেরিয়ে চোরাপথে ভারতে প্রবেশ করেন আশরাফুল আলম। প্রাক্তন গোয়েন্দা হলে তো বৈধ পাসপোর্ট, ভিসা নিয়েই ভারতে আসতে পারতেন! সেখানে অবৈধ পথে কেন এলেন? তার কাছ থেকে এখন কোনও বৈধ পরিচয়পত্র নেই। এখন তাঁকে আজ শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করে রিমান্ডে নেওয়ার প্রস্তুতি নিচ্ছে পুলিশ। গোটা ঘটনার তদন্তে নেমেছে গোয়েন্দা বিভাগ এবং কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা।যার ফলে ব্যাপক আলোড়ন ছড়িয়ে পড়েছে। পহেলগাঁও হামলার জবাবে 'অপারেশন সিঁদুর' দেখেছে পাকিস্তান। একদম নির্দিষ্ট লক্ষ্যে হানা দিয়ে গুঁড়িয়ে দিয়েছে পাকিস্তানের জঙ্গি ঘাঁটিগুলি। একের পর এক জঙ্গি নিহত

এরপর ৬ পাতায়

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে এই বগলামুখী মা কামাখ্যা দেবী মায়ের চরণে মাথা ছুঁইয়ে নিজের মনের কথা জানানোর আকুতি আমার রয়েছে, তবে মা আমাকে ওখানে ডাকবেন কিনা সেটা সব মায়ের ইচ্ছা। তাই কামাখ্যার ইতিকথা আমারে কলমে আজকের দিনে প্রকাশ করছি।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# 'কিসের জন্য শোক পালন?' পাকিস্তানি সেনাকে প্রশ্ন নিহত সাংবাদিক ড্যানিয়েলের বাবার

২০০২ সালে পাকিস্তানের করাচিতে পাক মৌলবাদী জঙ্গি সংগঠন সম্পর্কে খবর সংগ্রহ করার সময়ে অপহৃত হন সাংবাদিক ড্যানিয়েল। আজহারই তাঁকে ব্রিটিশ বংশোদ্ভূত পাকিস্তানি জঙ্গি শেখ ওমর সইদের কাছে নিয়ে যায় বলে দাবি গোয়েন্দাদের। পরে তাঁর মুণ্ডচ্ছেদের ভিডিও প্রকাশ করে জঙ্গিরা। ওমর সইদ আপাতত পাকিস্তানের জেলে বন্দি।কান্দাহার বিমান অপহরণের মাস্টারমাইন্ড ছিল মাসুদ আজহারের ভাই। একই সঙ্গে ইহুদি মার্কিন সাংবাদিক ড্যানিয়েল পার্লের অপহরণ, অত্যাচার এবং মুণ্ডচ্ছেদ করে হত্যার পিছনে দায়ী ছিল মাসুদ আজহারের এই ভাই। ভারতের প্রত্যাঘাতে তাঁর মৃত্যুর পর পহেলগাঁও জঙ্গি হামলায় নিহদের পাশাপাশি ন্যায়-বিচার পেয়েছেন সাংবাদিক ড্যানিয়েল পার্লও।

এই আবহে সরব হয়েছেন ড্যানিয়েলের বাবা ইজরায়েলি-মার্কিন বিজ্ঞানী জুডিয়া পার্লও। 'অপারেশন সিঁদুর' স্ট্রাইকে পাকিস্তানের ৯ জঙ্গি ঘাঁটি মাটিতে মিশিয়ে দিয়েছে ভারতীয় সেনা। নিকেশ একশোর বেশি জঙ্গি। খতম কুখ্যাত জঙ্গি মাসুদ আজাহারের পরিবারের ১০ সদস্য। এদিকে, মৃত জঙ্গিদের শেষকৃত্যে সন্ত্রাসবাদীদের সঙ্গেই কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়ে থাকতে দেখা গিয়েছে পাক সেনাদের। পাকিস্তানের পতাকায় মুড়ে জঙ্গিদের রাষ্ট্রীয় মর্যাদায় শেষ সম্মান জানাতে দেখা গিয়েছে। আর সেই ছবি-ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হতেই নিন্দার ঝড় উঠেছেগোটা বিশ্বে। এবার সেই নিয়ে গর্জে উঠেছেন প্রখ্যাত ইজরায়েলি-বংশোদ্ভূত মার্কিন কম্পিউটার বিজ্ঞানী জুডিয়া পার্ল। এক্স হ্যান্ডেলে জঙ্গি নেতার পাশে পাক সেনার ছবি শেয়ার করে তিনি লিখছেন, 'ভারতীয় বাহিনী আব্দুল রউফ আজহারকে শেষ করেছে, এই খবর দেখে যাঁরা আমার সঙ্গে যোগাযোগ করেছেন তাঁদের ধন্যবাদ। আমি একটা বিষয় স্পষ্ট করতে চাই। আজহার পাকিস্তানি জঙ্গি ছিল। ওর গোষ্ঠী ড্যানিয়েলের অপহরণের সঙ্গে সরাসরি যুক্ত ছিল না। কিন্তু আজহারের গোষ্ঠীই ভারতীয় বিমান অপহরণ করে। যার জেরে জেল থেকে মুক্তি পায় ওমর শেখ। সেই ড্যানিয়েলকে খবর দেওয়ার লোভ দেখিয়ে বন্দি করে।'

এরপরেই পাকিস্তান সেনাকে নিশানা করে তিনি বলেন, 'আমি আশা করি এই বিশিষ্ট ব্যক্তিরা আমাদের বলতে পারতেন: আপনি ঠিক কিসের জন্য শোক করছেন? আপনার সন্তানরা কোন আদর্শকে শ্রদ্ধা করবে? এই মানুষটির কাছ থেকে আপনি কী শিখেছেন?'

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




(৪ পাতার পর)

# বাংলাদেশের প্রাক্তন গোয়েন্দা গ্রেফতার

হয়েছে। যার সংখ্যা বহু। তারপর ভারতের উপর পাল্টা আক্রমণ করতে গিয়ে দিশেহারা হয়ে গিয়েছে পাক সেনারা। এই আবহে এমন ঘটনা যথেষ্ট উদ্বেগের।

এদিকে সূত্রের খবর, এমএম তরাই এলাকার বাসিন্দারা প্রথমে ওই ব্যক্তিকে দেখতে পান। তারপর ওই ব্যক্তির গতিবিধি নিয়ে সন্দেহ প্রকাশ করেন এবং সেনাবাহিনীকে বিষয়টি জানান। তারপর ব্যাঙডুবি সেনা ছাউনির ৫ এফওডি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ওই ব্যক্তিকে আটক করে। পরে তাকে বাগডোগরা থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। আজ, শনিবার পাকিস্তানের তিনটি বিমান ঘাঁটি উড়িয়ে দিয়েছে ভারত বলে সূত্রের খবর। সেখানে বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের সম্পর্ক ভাল। বাংলাদেশের মাটি ব্যবহার করে পাকিস্তানের জঙ্গি ঢুকতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তার মধ্যেই এমন ঘটনা কপালে ভাঁজ ফেলেছে।

পুলিশ সূত্রে খবর, ধৃত ব্যক্তির নাম আশরাফুল আলম। মাঝবয়সি এই ব্যক্তি কেমন করে বাংলাদেশ থেকে এখানে এলেন? প্রাক্তন গোয়েন্দার এমনভাবে আসার কারণ কী? কে তাঁকে এখানে পাঠিয়েছে? এইসব প্রশ্নের উত্তর জানতে জেরা করা হচ্ছে। প্রথমে আটক করা হলেও পরে সন্দেহ বাড়তেই গ্রেফতার করা হয়েছে আশরাফুলকে। এই ব্যক্তি বাংলাদেশের রংপুর জেলার বাদরগাছ এলাকার বাসিন্দা বলে পুলিশকে জানান। আশরাফুল আলমের দাবি, তিনি বাংলাদেশ সরকারের প্রাক্তন গোয়েন্দা দফতরের সঙ্গে যুক্ত ছিলেন।

# তিনটি জনসুরক্ষা প্রকল্প - প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা (পিএমএসবিওয়াই), প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা (পিএমজেজেবিওয়াই) এবং অটল পেনশন যোজনা (এপিওয়াই) সামাজিক নিরাপত্তা প্রদানের ১০ বছর পূর্ণ করেছে

**নয়াদিল্লি, ৯ মে, ২০২৫**

তিনটি জনসুরক্ষা প্রকল্প আজ দেশে সামাজিক সুরক্ষা প্রদানের ১০ বছর পূর্ণ করেছে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৯ই মে ২০১৫ তারিখে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজেবিওয়াই), প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা (পিএমএসবিওয়াই) এবং অটল পেনশন যোজনা (এপিওয়াই) - এই তিনটি প্রকল্প চালু করেছিলেন। তিনটি প্রকল্পই সকলের জন্য, বিশেষ করে সমাজের সুবিধাবঞ্চিত এবং দুর্বল অংশের জন্য সাশ্রয়ী মূল্যের আর্থিক সুরক্ষা প্রদানের জন্য কল্পনা করা হয়েছিল। এই প্রধান প্রকল্পগুলির লক্ষ্য নাগরিকদের জীবনের অনিশ্চয়তা থেকে রক্ষা করা এবং দীর্ঘমেয়াদী আর্থিক স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে বীমা এবং পেনশনের ক্ষেত্রকে প্রসারিত করা।

তিনটি জনসুরক্ষা প্রকল্পের নির্দেশিকা নীতির উপর আলোকপাত করে, কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রীমতি নির্মলা সীতারমন বলেন, "অসুরক্ষিতদের সুরক্ষিত করার" দৃষ্টিভঙ্গি নিয়ে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, ৯ই মে ২০১৫ তারিখে, সকলকে সাশ্রয়ী মূল্যের বীমা এবং পেনশন সুবিধা প্রদানের লক্ষ্যে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা এবং অটল পেনশন যোজনা সমন্বিত 'জন সুরক্ষা' প্রকল্প চালু করেন।"

জনসুরক্ষা যোজনার দশম বার্ষিকীর তথ্য উদ্ধৃত করে শ্রীমতি সীতারমন বলেন যে, ২০২৫ সালের এপ্রিল পর্যন্ত যথাক্রমে ২৩.৬ কোটি, ৫১ কোটি এবং ৭.৬ কোটিরও বেশি পিএমজেজেবিওয়াই, পিএমএসবিওয়াই, এবং এপিওয়াই-এর অধীনে তালিকাভুক্তি করা হয়েছে।

পিএমজেজেবিওয়াই প্রকল্প সম্পর্কে অর্থমন্ত্রী বলেন, এই প্রকল্পটি ৯ লক্ষেরও বেশি পরিবারের জন্য ১৮,৩৯৮ কোটি টাকার ক্লেম বা দাবি নিষ্পত্তি করেছে।

শ্রীমতী সীতারমন বলেন, পিএমএসবিওয়াই প্রকল্পের অধীনে, এই প্রকল্পটি ১.৫৭ লক্ষেরও বেশি পরিবারের জন্য ৩,১২১ কোটি টাকার ক্লেম বা দাবি নিষ্পত্তি করেছে।

অবশেষে তিনি বলেন, "এই প্রকল্পগুলির একটি মূল লক্ষ্য হল ডিজিটাইজেশন আর তালিকাভুক্তি ও ক্লেম(দাবি)এর সরলীকরণ। অনলাইন জন সুরক্ষা পোর্টাল চালু হওয়ার ফলে নাগরিকরা কোনও ব্যাংকের শাখা বা ডাকঘরে না গিয়ে সুবিধাজনকভাবে নাম নথিভুক্ত করতে পারবেন। ক্লেম প্রক্রিয়া ডিজিটালাইজেশন দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করেছে, যার ফলে শোকাহত পরিবারগুলিকে যখন সবচেয়ে বেশি প্রয়োজন, ঠিক তখনই সময়মত সহায়তা প্রদান করা সম্ভব হয়েছে। জন সুরক্ষা প্রকল্পের দশম বার্ষিকী উদযাপনের পাশাপাশি, ব্যাংক এবং বিমা কোম্পানির তৃণমূল স্তরের কর্মকর্তাসহ সকল অংশীদারদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা, যাদের নিবেদিতপ্রাণ প্রচেষ্টা এই প্রকল্পগুলিকে বিশাল সাফল্য এনে দিয়েছে"।

এই উপলক্ষে, কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী শ্রী পঙ্কজ চৌধুরী বলেন, "এই প্রকল্পগুলির উদ্দেশ্য হল সমাজের দরিদ্র ও সুবিধাবঞ্চিত অংশগুলিকে আর্থিক সুরক্ষা ও সময়োপযোগী সহায়তা প্রদান। এই তিনটি প্রকল্প নাগরিকদের কল্যাণের জন্য নিবেদিত, এগুলিকে বিভিন্ন অপ্রত্যাশিত বিপর্যয়, নানা দুর্ঘটনা এবং আর্থিক অনিশ্চয়তা থেকে মানব জীবনকে সুরক্ষিত করার প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে তৈরি"।

আমরা যখন তিনটি সামাজিক সুরক্ষা (জন সুরক্ষা) প্রকল্প - প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা এবং অটল পেনশন যোজনার দশম বার্ষিকী উদযাপন করছি, আসুন আমরা এই প্রকল্পগুলি কীভাবে জনগণের জন্য সাশ্রয়ী মূল্যের বিমা এবং সুরক্ষা (জন সুরক্ষা)দেয়, তাঁদের সাফল্য এবং প্রধান বৈশিষ্ট্যগুলি বর্ণনা করি।

১. প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজেবিওয়াই)

প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজেবিওয়াই) যে কোনও কারণে মৃত্যুর জন্য দৈনিক ২ টাকার কম প্রিমিয়ামে জীবন বিমা কভার প্রদানের জন্য তৈরি করা হয়েছে।

এই প্রকল্পের মূল বৈশিষ্ট্য: পিএমজেজেবিওয়াই হল এক বছরের কভার, যা প্রতি বছর নবায়নযোগ্য। এই প্রকল্পটি এলআইসি এবং অন্যান্য জীবন বিমা কোম্পানিগুলির মাধ্যমে অফার/পরিচালনা করা হয় এবং একই শর্তে পণ্যটি অফার করতে ইচ্ছুক, প্রয়োজনীয় অনুমোদন এবং এই উদ্দেশ্যে ব্যাংক/ডাকঘরের সঙ্গে চুক্তিবদ্ধ। অংশগ্রহণকারী ব্যাংক/ডাকঘর তাঁদের গ্রাহকদের জন্য এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য এই ধরণের যে কোনও জীবন বিমা কোম্পানিকে নিযুক্ত করতে স্বাধীন।

যোগ্যতার শর্তাবলী: অংশগ্রহণকারী ব্যাংক/ডাকঘরের ১৮ থেকে ৫০ বছর বয়সী সকল গ্রাহক, যারা অটো-ডেবিট সক্ষম করার জন্য সম্মতি দেন, তারা এই প্রকল্পে যোগদানের অধিকারী। যদি একজন ব্যক্তির এক বা একাধিক ব্যাংক/ডাকঘরে একাধিক অ্যাকাউন্ট থাকে, তাহলে ব্যক্তিটি শুধুমাত্র একটি ব্যাংক/ডাকঘর অ্যাকাউন্টের মাধ্যমেই এই প্রকল্পে যোগদানের যোগ্য।

তালিকাভুক্তির সময়কাল: ১ জুন থেকে ৩১ মে পর্যন্ত এক বছরের জন্য এই কভারেজ প্রযোজ্য হবে, যার জন্য নির্ধারিত ফর্মে নির্ধারিত ব্যক্তিগত ব্যাংক/ডাকঘর অ্যাকাউন্ট থেকে অটো-ডেবিটের মাধ্যমে যোগদান/প্রদানের বিকল্প প্রতি বছর ৩১ মে এর মধ্যে দিতে হবে।

প্রিমিয়াম: প্রতি সদস্যের জন্য বার্ষিক ৪৩৬/- টাকা। প্রকল্পের অধীনে তালিকাভুক্তির সময় প্রদত্ত বিকল্প অনুসারে, অ্যাকাউন্টধারীর ব্যাংক/ডাকঘর অ্যাকাউন্ট থেকে 'অটো ডেবিট' সুবিধার মাধ্যমে এক কিস্তিতে প্রিমিয়াম কেটে নেওয়া হবে। নীচে বর্ণিত প্রো-রাটা প্রিমিয়াম পরিশোধের মাধ্যমে সম্ভাব্য কভারেজের জন্য বিলম্বিত তালিকাভুক্তি সম্ভব;

ক) জুন, জুলাই এবং আগস্ট মাসে তালিকাভুক্তির জন্য ৪৩৬/- টাকা পূর্ণ বার্ষিক প্রিমিয়াম প্রদান করতে হবে।

খ) সেপ্টেম্বর, অক্টোবর এবং নভেম্বর মাসে তালিকাভুক্তির জন্য ৩৪২/- টাকা প্রো-রাটা প্রিমিয়াম প্রদান করতে হবে।

গ) ডিসেম্বর, জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে তালিকাভুক্তির জন্য ২২৮/- টাকা প্রো-রাটা প্রিমিয়াম প্রদান করতে হবে।

ঘ) মার্চ, এপ্রিল এবং মে মাসে তালিকাভুক্তির জন্য ১১৪/- টাকা আনুপাতিক প্রিমিয়াম প্রদান করতে হবে।

সুবিধা: যে কোনও কারণে গ্রাহকের মৃত্যু হলে ২ লক্ষ টাকা প্রদেয় হবে। তালিকাভুক্তির তারিখ থেকে ৩০ দিনের লিয়েন সময়কাল প্রযোজ্য হবে।

সাফল্য: ২৩.০৪.২০২৫ তারিখ পর্যন্ত, পিএমজেজেবিওয়াই-এর অধীনে মোট তালিকাভুক্তির পরিমাণ ২৩.৬৩ কোটির টাকারও বেশি এবং ৯,১৯,৮৯৬টি ক্লেমের ১৮,৩৯৭.৯২ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। ২৩.০৪.২০২৫ তারিখ পর্যন্ত, এই প্রকল্পে ১০.৬৬ কোটি মহিলা তালিকাভুক্তি এবং পিএমজেডিওয়াই অ্যাকাউন্টধারীদের কাছ থেকে ৭.০৮ কোটি তালিকাভুক্তি রেকর্ড করা হয়েছে।

# সিনেমার খবর

## সালমানকে প্রেমিক স্বীকার করতে চাইতো না ঐশ্বরিয়া, ছিল দ্বিচারিতা : সোহেল

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন




বলিউডের অন্যতম চর্চিত বিষয় সালমান খান ও ঐশ্বরিয়া রাইয়ের প্রেমের সম্পর্ক। শোনা যায়, তাদের সম্পর্ক বহুদূর গড়িয়েছিল, এমনকি তাদের বিয়েও হওয়ার কথা ছিল। কিন্তু শেষ পর্যন্ত সম্পর্কটি ভেঙে যায়। ভারতীয় গণমাধ্যমের তথ্যমতে, ১৯৯৯ সালে হাম দিল দে চুকে সানাম ছবির সেটে শুরু হয়েছিল সালমান ও ঐশ্বরিয়ার প্রেম। কিন্তু ২০০১ সালেই সম্পর্কের পরিণতি ঘটে বিচ্ছেদে।

এ নিয়ে গুঞ্জন ছড়ালেও সালমান খান কখনও প্রকাশ্যে মুখ খোলেননি। তবে একবার ভাইয়ের হয়ে বিষয়টি কথা বলেছিলেন সোহেল খান। তিনি বলেছিলেন, ‘ঐশ্বরিয়া আমাদের পরিবারের খুব ঘনিষ্ঠ ছিলেন। ঘন ঘন আমাদের বাড়িতে আসতেন। কিন্তু বাইরের জগতে কখনও সালমানকে নিজের প্রেমিক হিসেবে স্বীকার করেননি। তার এই দ্বিচারিতা সালমানকে মানসিকভাবে প্রভাবিত করত।’

সোহেল আরও বলেন, ‘আজ সে কাঁদে, কিন্তু যখন সালমানের সঙ্গে ঘুরে বেড়াত, তখন কি কখনও তাদের সম্পর্ককে স্বীকৃতি দিয়েছিল? কোনওদিন নয়। এটাই সালমানকে নিরাপত্তাহীনতায় ভুগিয়েছে। সে জানতে চাইত, সে (ঐশ্বরিয়া) আসলে ওকে চায় কি না। কিন্তু সে কখনও নিশ্চিত করে কিছু জানাত না।’

এই বক্তব্যের পাশাপাশি সোহেলের আরও দাবি ছিল, ঐশ্বরিয়া যখন বিবেক ওবেরয়ের সঙ্গে সম্পর্কে ছিলেন, তখনও নাকি সালমানের সঙ্গে যোগাযোগ রাখতেন। এই বিষয়টিই বিবেক ও সালমানের মধ্যে দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়িয়েছিল।

তবে ঐশ্বরিয়া এক সাক্ষাৎকারে ভিন্ন তথ্য দিয়েছিলেন। তার ভাষ্যে, সালমান মদ্যপ অবস্থায় হিংসাত্মক আচরণ এবং মানসিক ও শারীরিক নিপীড়নের কারণেই তিনি সম্পর্ক থেকে সরে এসেছিলেন। সেইসঙ্গে তিনি আরও দাবি করেন, সেই সম্পর্কে বিশ্বাসঘাতকতা এবং অসম্মানের অভিজ্ঞতাও হয়েছিল তার।

এই বক্তব্য নিয়ে বলিউডে বিতর্ক উঠলেও, সালমান খান কখনোই এ নিয়ে কোনো মন্তব্য করেননি। উল্লেখ্য, সালমানের পর বিবেকের সঙ্গে প্রেমের সম্পর্ক ভেঙে যাওয়ার পর ২০০৭ সালে ঐশ্বরিয়া বিয়ে করেন অভিষেক বচ্চনকে। তাদের কন্যা আরাধ্যার জন্ম হয় ২০১১ সালে। তবে এত বছর পেরিয়ে গেলেও, এই সম্পর্কের উত্থান-পতন নিয়ে বলিউড মহল ও দর্শকমনে কৌতূহলের শেষ নেই।

## “রাত না কাটালে বাদ!” অঞ্জনার বিস্ফোরক স্বীকারোক্তি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন




বাংলার জনপ্রিয় অভিনেত্রী অঞ্জনা বসু জানিয়েছেন, অভিনয়ে সুযোগ দেওয়ার নামে তাকে কুপ্রস্তাব দেওয়া হয়েছিল। সম্প্রতি ভারতীয় গণমাধ্যমে এক সাক্ষাৎকারে তিনি বলেন, ‘রামকৃষ্ণ ও সারদা’ ধারাবাহিকে কাজ চূড়ান্ত হওয়ার পর একজন এক্সিকিউটিভ প্রযোজক ফোনে বলেন, তার সঙ্গে রাত না কাটালে আমাকে বাদ দেওয়া হবে।

অঞ্জনা তখনই স্পষ্ট জানিয়ে দেন, তিনি রাজি নন, প্রয়োজনে বাদ দিতে পারেন। ফোন কেটে ছেলেকে জড়িয়ে ধরে তিনি কেঁদে ফেলেন। এরপর থেকে গ্রিনরুমে ভয়ে দরজা বন্ধ রেখে থাকতেন।

পরবর্তীতে সেই প্রযোজকের একটি বিজ্ঞাপনে দ্বিগুণ পারিশ্রমিকে কাজ করেন—এই বার্তা দিতে যে, কারও সঙ্গে রাত না কাটিয়েও টালিউডে কাজ সম্ভব।

অভিনেত্রী জানান, “বিজ্ঞাপনের পারিশ্রমিক আমি বিছিয়ে শুয়েছিলাম, সেই তিক্ত স্মৃতি থেকে বেরিয়ে আসার জন্য।” শুধু এই এক প্রযোজক নন, আরও এক নামী পরিচালক থেকেও তিনি একই ধরনের প্রস্তাব পেয়েছিলেন।

## মালাইকার বিরুদ্ধে জামিন-অযোগ্য গ্রেফতারি পরোয়ানা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বড় ধরনের আইনি ঝামেলায় পড়তে যাচ্ছে বলিউড অভিনেত্রী মালাইকা অরোরা। মামলার পরবর্তী শুনানিতে হাজির না হলেই তার বিরুদ্ধে জামিন-অযোগ্য গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দিয়েছেন মুম্বাইয়ের আদালত।

২০১২ সালের একটি মামলার শুনানিতে এ আদেশ দেন আদালত। আগামী ৯ জুলাই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য রয়েছে। ওইদিন হাজির না হলেই মালাইকার বিরুদ্ধে এ পরোয়ানা জারি হবে।

সমন জারির পরও গেল ২৯ এপ্রিল মামলার শুনানিতে হাজির ছিলেন না মালাইকা। শুনানিতে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কে এস জানওয়ার নিজের পর্যবেক্ষণে বলেন, মালাইকা ইচ্ছা করেই শুনানিতে হাজির হচ্ছেন না, তিনি আইনি প্রক্রিয়ায় সহযোগিতা করছেন না।

মুম্বাইয়ের একটি পাঁচতারা হোটেলে এক শিল্পপতির ওপর হামলার ঘটনায় অভিযুক্ত অভিনেতা সাইফ আলী খান, শিল্পপতি বিলাল আমরোহি ও মালাইকার ভগ্নিপতি শাহিল লাদাখ। সে ঘটনায় প্রত্যক্ষদর্শী হিসেবে হাজিরা দেওয়ার নির্দেশ ছিল মালাইকার।

২০১২ সালের ২২ ফেব্রুয়ারি দক্ষিণ মুম্বাইয়ের একটি পাঁচতারা রেস্তোরাঁয় কারিনা কাপুর, কারিশমা কাপুর, মালাইকা অরোরা ও অমৃতা অরোরাসহ অন্য বন্ধুদের সঙ্গে নৈশভোজ সারছিলেন সাইফ। সেখানেই অভিযোগকারী দক্ষিণ আফ্রিকার বাসিন্দা ইকবাল শর্মার সঙ্গে ঝামেলা বাধে তার।

এর জেরে মুহূর্তের মধ্যেই পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। ১৩ বছরের পুরোনো সেই মারধরের মামলাই এখন উঠেছে আদালতে। তবে মামলাটি নিয়ে এখন পর্যন্ত মালাইকা কোনো মন্তব্য করেননি।

# ২০২৬ নারী বিশ্বকাপের সময়সূচি ও ভেন্যুর নাম ঘোষণা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



আসন্ন ২০২৬ আইসিসি নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের সময়সূচি, ভেন্যু এবং ফাইনালের ভেন্যু ঘোষণা করেছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। ১ মে, লন্ডনের ঐতিহাসিক লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে আয়োজিত এক অনুষ্ঠানে এ ঘোষণা দেওয়া হয়।

টুর্নামেন্ট শুরু হবে আগামী ১২ জুন ২০২৬ থেকে এবং চলবে ২৪ দিনব্যাপী। ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হবে লর্ডসে। টুর্নামেন্টের মোট ৩৩টি ম্যাচ অনুষ্ঠিত হবে ইংল্যান্ডের সাতটি বিখ্যাত ভেন্যুতে—লর্ডস, এজবাস্টন, হ্যাম্পশায়ার বোল, হেডিংলি, ওল্ড ট্র্যাফোর্ড, দ্য ওভাল এবং ব্রিস্টল কাউন্টি গ্রাউন্ড।

এই প্রথমবারের মতো নারী টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নিচ্ছে সর্বোচ্চ ১২টি দল। ইতোমধ্যে আয়োজক দেশ ইংল্যান্ডসহ অস্ট্রেলিয়া, ভারত, নিউজিল্যান্ড, পাকিস্তান, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা ও ওয়েস্ট ইন্ডিজ মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে। বাকি চারটি দল নির্ধারিত হবে আগামী বছর অনুষ্ঠেয় বাছাই পর্বের মাধ্যমে।

টুর্নামেন্টে ১২ দলকে দুইটি গ্রুপে ভাগ করে প্রথম রাউন্ডের খেলা অনুষ্ঠিত হবে। পরে শীর্ষ চার দল নিয়ে হবে সেমিফাইনাল ও ফাইনালসহ নকআউট পর্ব। ইসিবির পক্ষ থেকে জানানো হয়েছে, টুর্নামেন্টের সম্পূর্ণ ম্যাচ সূচি ও সময়সূচি খুব শিগগিরই প্রকাশ করা হবে। নারী ক্রিকেটের ক্রমবর্ধমান জনপ্রিয়তা এবং প্রতিযোগিতামূলক পরিবেশ বিশ্বকাপ আয়োজনকে নতুন উচ্চতায় নিয়ে যাবে বলেও আশা প্রকাশ করেছে আয়োজকরা।

## চেন্নাইয়ের বিদায়, অবসরের ইঙ্গিত দিলেন ধোনি!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আইপিএল ২০২৫-এর প্লে-অফে জায়গা হলো না চেন্নাই সুপার কিংসের। ঘরের মাঠ এম চিদাম্বরম স্টেডিয়ামে পাঞ্জাব কিংসের কাছে ৪ উইকেটে হেরে এবারের আসর থেকে ছিটকে গেছে মহেন্দ্র সিং ধোনির দল। ম্যাচ শেষ হওয়ার পর শুধু চেন্নাইয়ের বিদায়ই নয়, আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছেন 'ক্যাপ্টেন কুল' ধোনি। শুরু হয়েছে জোর গুঞ্জন—এটাই কি তার শেষ আইপিএল?

ম্যাচ শুরুর আগেই টসের সময় ধোনিকে ঘিরে তৈরি হয় রহস্য। ধারাভাষ্যকার ড্যানি মরিসনের সরাসরি প্রশ্ন ছিল, ধোনি কি আগামী মৌসুমেও আইপিএলে দেখা যাবে? জবাবে হেসে ধোনি বলেন, 'আমি তো জানি না পরের ম্যাচেই খেলব কি না।' এই মন্তব্যেই ধোনির ভবিষ্যৎ নিয়ে নতুন করে শুরু হয়েছে জল্পনা-কল্পনা।

যদিও ম্যাচ শেষে নিজের ক্রিকেট ভবিষ্যৎ নিয়ে কোনও মন্তব্য করেননি ধোনি। তাকেও সে ব্যাপারে আর প্রশ্ন করেননি সঞ্চালক।


ধোনির মন্তব্যে সাবেক অস্ট্রেলিয়ান উইকেটকিপার অ্যাডাম গিলক্রিস্ট বলেন, 'ধোনি একজন চিরস্মরণীয় কিংবদন্তি। তার আর কিছু প্রমাণের নেই। সম্ভবত এবার সরে দাঁড়ানোর সময় এসেছে। যদিও ভক্তদের জন্য তা কষ্টদায়ক হবে।'

চেন্নাই প্রথমে ব্যাট করে ১৯১ রান তোলে। স্যাম কারানের ৮৮ রানের ইনিংস ছাড়া ব্যাট হাতে কেউই তেমন জ্বলে উঠতে পারেননি। শেষ দিকে যুজবেন্দ্র চাহালের হ্যাটট্রিকে মাত্র ৪ বল বাকি থাকতে গুটিয়ে যায় ইনিংস। চাহাল ৪ উইকেট নেন, জানসেন ও আর্শদীপ নেন ২টি করে।

জবাবে পাঞ্জাবের হয়ে ঝড়ো সূচনা এনে দেন প্রিয়াংশ আর্য ও প্রভসিমরান সিং। প্রভসিমরান খেলেন ৩৬ বলে ৫৪ রানের দারুণ ইনিংস। এরপর শ্রেয়াস আইয়ারের ৭২ রানের অনবদ্য ইনিংস এবং শশাঙ্ক সিংয়ের শেষের ২৩ রানের ক্যামিওতে দুই বল বাকি থাকতেই জয় তুলে নেয় পাঞ্জাব। এই জয়ে তারা উঠে এসেছে পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে।

## বার্সার বিপক্ষে দ্বিতীয় লেগে খেলা হবে না মার্টিনেজের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



বার্সেলোনার বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের প্রথম লেগে ৩-৩ গোলের সমতা করেছে ইন্টার মিলান। বার্সার মাঠ থেকে সমতা করে যাওয়ায় কিছুটা হলেও এগিয়ে আছে ইতালির জায়ান্টরা। তবে অলিখিত ওই ফাইনালে আর্জেন্টাইন স্ট্রাইকার লাওতারো মার্টিনেজকে না পাওয়ার শঙ্কায় আছে দ্য হিরোনেসরা।

বার্সার বিপক্ষে প্রথম লেগের ম্যাচে ইনজুরি নিয়ে মাঠ ছাড়তে হয় লাওতারো মার্টিনেজের। প্রথমার্ধ চলাকালে হ্যামস্ট্রিং ইনজুরিতে পড়েন তিনি। দ্বিতীয়ার্ধে তাকে বদলি করে মেহদি তারিমিকে মাঠে নামান ইন্টার মিলান কোচ সিমোন ইনজাঘি।

আগামী ৬ মে রাতে দ্বিতীয়ার্ধের ম্যাচ খেলতে নামবে ইন্টার ও বার্সা। ওই ম্যাচে মার্টিনেজের খেলা হবে না। বিষয়টি পুরোপুরি নিশ্চিত না করলেও এক প্রকার জানিয়ে দিয়েছেন ইন্টার কোচ, 'লাওতারো পায়ে অস্বস্তি বোধ করছিল। আমরা কাল তার আরও কিছু পরীক্ষা করানোর পর পরিস্থিতি বুঝতে পারবো। তবে দ্বিতীয় লেগে আমাদের জন্য অলিখিত ফাইনালে সে খুবই অনিশ্চিত।'

সাবেক ইতালি স্ট্রাইকার ইনজাঘি দ্বিতীয় লেগে বার্সার বিপক্ষে জয়ের ব্যাপারে আশাবাদী। সান সিরোর ৭৫ হাজার দর্শকের সমর্থন বড় পার্থক্য গড়ে দেবে বলে মনে করেন তিনি, 'আশা করছি, আমরা দ্বিতীয় লেগে বেঞ্জামিন পাভার্ডকে (রাইট ব্যাক) পাবো। কিন্তু দুর্ভাগ্যবশত লাওতারোর ক্ষেত্রে একই আশা করছি পারছি না। দ্বিতীয় লেগ আমাদের জন্য ফাইনালের সমান এবং আমি ঘরের মাঠের ৭৫ হাজার দর্শককে গোনায় ধরছি। আমাদের ভক্তরা এই অর্জনে আমাদের সাহায্য করবে।'

চলতি মৌসুমে ইন্টার মিলানের সামনে ট্রেবল জয়ের সুযোগ ছিল। তবে কোপা ইতালিয়ায় এসি মিলানের বিপক্ষে হেরে ট্রেবলের সুযোগ শেষ হয়েছে তাদের। টিকে আছে ডাবল জয়ের সুযোগ। তবে পথে অপেক্ষা করছে কঠিন চ্যালেঞ্জ। বার্সার বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগের সেমিতে জিততে হবে। ওদিকে ইতালির সিরি আ'তে সমান ম্যাচে ৩ পয়েন্টে এগিয়ে ইন্টারের শীর্ষস্থান কেড়ে নিয়েছে নাপোলি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR